মির্জা আব্বাসের শারীরিক অবস্থা ইতিবাচক: সমাজকল্যাণ মন্ত্রী



মির্জা আব্বাস। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা মির্জা আব্বাস-এর শারীরিক অবস্থা ধীরে ধীরে উন্নতির দিকে বলে জানিয়েছেন সমাজকল্যাণ মন্ত্রী অধ্যাপক এ জেড এম জাহিদ হোসেন।

সোমবার (২৩ মার্চ) তিনি বলেন, শারীরিক বিভিন্ন সূচকে ইতিবাচক অগ্রগতি দেখা যাচ্ছে। মস্তিষ্কসংক্রান্ত জটিলতার কারণে পুরোপুরি সুস্থ হতে কিছুটা সময় লাগবে। তার সুস্থতার জন্য দেশবাসীর কাছে দোয়া চাওয়া হয়েছে।

গত ১৫ মার্চ ঢাকায় চিকিৎসা শেষে এয়ার অ্যাম্বুলেন্সে করে তাকে সিঙ্গাপুর জেনারেল হাসপাতাল-এ ভর্তি করা হয়।

সেখানে অবস্থানরত তার একান্ত সহকারী মিজানুর রহমান সোহেল জানান, স্থানীয় সময় সকাল ১০টার দিকে চিকিৎসকেরা তাকে বেড থেকে চেয়ারে বসান, যা সুস্থতার ইতিবাচক লক্ষণ হিসেবে দেখা হচ্ছে। তিনি ধীরে ধীরে কথাও বলতে পারছেন। বর্তমানে বিশেষজ্ঞ চিকিৎসকদের নিবিড় পর্যবেক্ষণে তার চিকিৎসা চলছে। হাসপাতালে তার পাশে সার্বক্ষণিক রয়েছেন সহধর্মিনী আফরোজা আব্বাস ও ছেলে ইয়াসীর আব্বাস।

এর আগে ১৩ মার্চ ঢাকার এভারকেয়ার হাসপাতাল-এ বিশেষজ্ঞ চিকিৎসকদের সমন্বয়ে গঠিত মেডিকেল বোর্ডের সিদ্ধান্তে তার মস্তিষ্কে অস্ত্রোপচার করা হয়। প্রায় চার ঘণ্টার সফল অস্ত্রোপচারের পর দুই দিন আইসিইউতে রাখা হয়। পরবর্তীতে উন্নত চিকিৎসার জন্য তাকে সিঙ্গাপুরে নেওয়া হয়।

উল্লেখ্য, ১১ মার্চ ইফতারের সময় হঠাৎ অসুস্থ হয়ে অচেতন হলে সেদিন রাতেই তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছিল।